

## ঈশ্বরের প্রেমপূর্ণ অনুগ্রহ

প্রার্থনা : “হে আমাদের স্বর্গতঃ পিতা, শিশুদের তোমার প্রেমপূর্ণ অনুগ্রহ আবিষ্কার করতে এবং প্রশংসা করতে সাহায্যের জন্য অনুগ্রহ করে এই অধ্যয়নের বিষয়গুলো ব্যবহার কর।”

আপনার শিশুদের পটভূমি এবং স্থানীয় রীতি অনুসারে কার্যকলাপ মনোনীত করুন।

১. লূক ১৫:১১-৩২ পদে বর্ণিত অপব্যয়ী পুত্রের গল্পটি পাঠ করুন অথবা মন থেকে বলুন।




সম্ভব হলে অন্য শিশুদের গল্পটি বলার জন্য একটি বড় শিশুকে তৈরী করুন।

গল্পটি শুরু করার পূর্বে ব্যাখ্যা করে বলুন যে গল্পটির উদ্দেশ্য হল এক যুবক কিভাবে আশ্চর্য হয়ে গেছিল, যখন তার বাবা তাকে ক্ষমা করে ছিলেন। সেই পুত্র তার পিতার সঙ্গে অত্যন্ত খারাপ ব্যবহার করেছিল।

গল্পটি বলার পর নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন :

- ছেলেটি তার পিতার কাছে কি চেয়েছিলেন?
- ছেলেটি তার উত্তরাধিকারের সমস্ত কিছু নিয়ে কি করেছিলেন?
- সেই ছেলেটির সমস্ত টাকা যখন নষ্ট হয়ে গেছিল এবং নিঃশেষ হয়ে গেছিল তখন তার প্রতি কি ঘটেছিল?
- ছেলেটি তার পিতাকে কি বলতে চেয়েছিল?
- পিতা তার ছেলের সঙ্গে কিরূপ ব্যবহার করেছিলেন? বড় ছেলেটির তার ছোট ভাইয়ের বিষয়ে কিরূপ অনুভূতি ছিল?



- পিতা সেই বড় ভাইটির কাছে কি ব্যাখ্যা করেছিলেন?
- শূকরের ছবি আঁক যাদের সেই অপব্যয়ী পুত্রকে খাওয়াতে হতো।
- বড় শিশুদের ছোটদের ছবি আঁকতে সাহায্য করতে বলুন।

- বড়দের কাছে ব্যাখ্যা করুন : আমরা ঈশ্বরের কাছ থেকে যতদূরেই ছুটে পালিয়ে যাই না কেন ঈশ্বরের অনুগ্রহ কিভাবে আমাদের কাছে পৌঁছয় শূকরের ছবিগুলো সেই বিষয়টিই ব্যাখ্যা করে। আমরা যত খারাপ পাপই করি না কেন, আমরা যদি পাপ থেকে ফিরে তাঁর কাছে আসি এবং তাঁর ক্ষমা প্রার্থনা করি তবে তিনি আমাদের ক্ষমা করেন।

২. বড়দের জন্য “অপব্যয়ী পুত্রের” গল্পটির মহড়া দিন এবং নাটক মঞ্চস্থ করুন।

- বড়দের জন্য নাটকটি মঞ্চস্থ করার জন্য আরাধনার নেতাদের সঙ্গে শিশুদের তৈরী করার ব্যবস্থা করুন।
- বর্ণনাকারী যখন গল্পটির অংশ পাঠ করবেন তখন অভিনয়কারীকে বাইবেলের চরিত্রটির কথোপকথন বলতে হবে এবং অভিনয় করতে হবে।
- নাটকটি দেখার পর বড়দের জিজ্ঞাসা করার জন্য ছোটদের গল্পটি থেকে প্রশ্ন তৈরী করতে দিন।
- যতক্ষণ না প্রত্যেকে কি করতে হবে এবং বলতে হবে সেই বিষয়ে ভালভাবে জানবে ততক্ষণ মহড়া দিতে হবে।

**বর্ণনাকারী** গল্পের সেই অংশগুলো পাঠ করতে হবে যা অন্য অভিনেতারা কেউ বলেন নি। কিছুক্ষণ বিরাম নিতে হবে যাতে অভিনয়কারীগণ তাদের অংশটি অভিনয় করতে পারেন এবং বলতে পারেন।

**অপব্যয়ীপুত্র** ছোট ছেলেটির কথাগুলো বলুন। বিভিন্ন গতি ও শব্দ যুক্ত করতে হবে যাতে কি ঘটবে সেই বিষয়টি স্পষ্ট করা যায়।

**পিতা** পিতার কথাগুলো বলুন এবং অভিনয় করুন।

**বড়ছেলে** বড়ছেলের কথাগুলো বলুন এবং অভিনয় করুন।

**ভৃত্যভৃত্যের কথা** বলুন এবং অভিনয় করুন, হাটপুষ্ট বাছুর ধরার এবং হত্যা করার বিষয়টিও অভিনয়ের মাধ্যমে দেখাতে হবে।

**বাছুর** আপনি যদি মজা করতে চান তবে দুজন বালককে বাছুরের ভূমিকায় অভিনয় করতে হবে।

**মন্দ বন্ধুবর্গ** যদি যথেষ্ট শিশু থাকে, তবে আপনি তাদের মন্দ বন্ধুদের ভূমিকায় অভিনয় করতে পারেন যারা সেই ছোট ছেলটিকে দূরবর্তী শহরে টাকা মন্দভাবে ব্যয় করাতে সাহায্য করেছিল।



৩. কবিতা (গীত ১০৩ পদ ২, ৩, ৪ এবং ১১)

- দুটি শিশুকে দুটি অংশ বলতে দিন।
- তারা বড়দের জন্য এই কবিতাটি বলতে পারে।

অংশ ১

হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ কর;  
তাহার সকল উপকার ভুলিয়া যাইও না,  
তিনি তোমার সমস্ত অধর্ম ক্ষমা করেন,  
তোমার সমস্ত রোগের প্রতিকার করেন।

অংশ ২

তিনি কুপ হইতে তোমার জীবন মুক্ত করেন,  
দয়া ও করুণার মুকুটে তোমাকে ভূষিত করেন।  
পিতা সন্তানদের প্রতি যেমন করুণা করেন,  
যাহারা সদাপ্রভুকে ভয় করে, তাহাদের প্রতি তিনি তেমন করুণা করেন।

৪. মুখস্থ পদঃ ইফিষীয় ২ঃ৮-৯

৫. প্রার্থনা

- “প্রভু, আমাদের জীবন পাপে পূর্ণ, তোমাকে ছাড়া আমরা হারিয়ে যাব।”
- “আমরা যা কিছু মন্দ কাজ করেছি তা ক্ষমা করার জন্য তোমাকে ধন্যবাদ।”
- “আমরা যখন তোমার প্রতি ফিরে আসি আমাদের আবার স্বাগতম জানানোর জন্য তোমাকে ধন্যবাদ দিই।”
- “আমরা আনন্দ করি, কারণ আমরা যখন তোমার কাছে ফিরে আসি, তখন তুমি খুশী হও।”
- “হারিয়ে যাওয়া লোকেরা তখন তোমার কাছে ফিরে আসে তখন আমাদের আনন্দ করতে সাহায্য কর।”
- “যীশুর মূল্যবান নামে এই প্রার্থনা চাই। আমেন।”